

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-২ অধিশাখা।
(www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৪৩.০১১.০০.০০.০০৪.২০১২-৭০৬

তারিখ : ১৪.১০.২০১২ খ্রিঃ


বিষয় : নব নিয়োগকৃত চিকিৎসকদের পদায়ন নীতিমালা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাধিক নং ৪৫.১৪৩.০১১.০০.০০.০১.২০১০-৭৩২ তারিখ ০৯/১১/২০১০ এর মাধ্যমে নব নিয়োগকৃত চিকিৎসকদের পদায়ন সংক্রান্ত সংশোধিত নীতিমালা ২০১০ জারী করা হয়। উক্ত নীতিমালায় নব নিয়োগকৃত ডাক্তারগণের পদায়ন ও বদলী ব্যবস্থাপনা সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনাবলী থাকা সত্ত্বেও সম্প্রতি মে/২০১২ মাসে নিয়োগপ্রাপ্ত এবং জুন/২০১২ মাসে পদায়িত ৩০তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কর্মকর্তাদের বিভিন্ন বিভাগে পদায়নের ০২ (দুই) মাসের মধ্যে অন্যান্য বদলী করায় এবং উক্ত বদলীর ক্ষেত্রে বিভিন্ন বিভাগে ডাক্তারদের স্বল্পতার বিষয়, স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সহকারী সার্জন এর পদ শূন্য হচ্ছে কিনা ইত্যাদি যৌক্তিকভাবে বিবেচনা না করার বিষয়ে মন্ত্রণালয়ের দৃষ্টি আকৃষ্ট হওয়ায় মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- (ক) ৩০তম বিসিএস এর যে সকল কর্মকর্তাকে বদলী করা হয়েছে তাঁদের সকল বদলীর আদেশ বাতিলপূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (খ) পরবর্তীতে সহকারী সার্জনদের বদলীর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক এর মতামত গ্রহণ সহ প্রতিভূ প্রদান সাপেক্ষে বদলী/পদায়ন করতে হবে;
- (গ) সরকার কর্তৃক ঘোষিত তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করতে উপজেলা ও ইউনিয়ন পর্যায় হতে মেয়াদ পূর্ণের পূর্বে সহকারী সার্জনদের বদলী না করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০২. মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বিষয়টি জরুরী।



মোঃ হুমায়ুন কবীর

উপসচিব (পার-২)

ফোন : ৭১৬৯৭৪৮

dsper2@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/খুলনা/সিলেট।
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিভিল সার্জন (সকল), ----- (নির্ধারিত সময় এবং প্রতিভূ প্রদান ছাড়া কোন কর্মকর্তাকে বদলী করা হলে তাঁদের ছাড়পত্র না করার জন্য এবং ছাড়পত্র ছাড়া কোন কর্মকর্তার যোগদানপত্র গ্রহণ না করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। অফিস কপি।